



জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
সেক্টর- ৮, প্লট- ৫/এ, উত্তরা মডেল টাউন, ঢাকা- ১২৩০
bpi.gov.bd



বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত অক্টোবর, ২০২০ মাসের সভার কার্যবিবরণী।

- সভাপতি : এ কে মহিউদ্দিন আহমদ,
মহাপরিচালক, বিপিআই।
- সভার তারিখ : ২৭/১০/২০২০।
- সভার সময় : বিকাল ০৪.০০ ঘটিকা।
- স্থান : বিপিআই-এর সম্মেলন কক্ষ।
- উপস্থিতি : (১) জনাব মাহবুবা ফারজানা, পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)।
(২) জনাব মো: সাহিদুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)।
(৩) জনাব মো: হারুন-অর-রশীদ, সহকারী পরিচালক (প্রশাসন শাখা)।
(৪) জনাব মো: নুরে আলম শিকদার, সহকারী পরিচালক (ভান্ডার শাখা)।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় জানানো হয় যে, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার অধীনে ৪টি, প্রাতিষ্ঠানিক সেবার অধীনে ৭টি এবং অভ্যন্তরীণ সেবার অধীনে ৮টি প্রতিশ্রুতি অন্তর্ভুক্ত রয়েছে।

২। অতঃপর সভায় সেবা প্রদান প্রতিশ্রুতির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অগ্রগতি ও বাস্তবায়নের বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	সেবা প্রদান প্রতিশ্রুতি ও নাগরিক সেবার বিষয়ে আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১।	সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী প্রয়োজন আছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মকর্তা জানান যে, সংশোধনের প্রয়োজন নাই। বিগত মাসের সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে মর্মে জানানো হয়।	কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।	সহকারী পরিচালক (প্রশাসন শাখা)।
২।	নভেম্বর, ২০২০ মাসে নতুন সিডিউল অনুযায়ী প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	নভেম্বর, ২০২০ মাসের নতুন সিডিউল প্রণয়ন করে প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)। ৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)।
৩।	বার্ষিক কর্মসম্পাদনা চুক্তি সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে অভ্যন্তরীণ	বার্ষিক কর্মসম্পাদনা চুক্তি সংক্রান্ত প্রশিক্ষণসহ প্রয়োজনীয়	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ



জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
সেক্টর- ৮, প্লট- ৫/এ, উত্তরা মডেল টাউন, ঢাকা- ১২৩০
bpi.gov.bd



৮২১

	প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত আলোচনা করা হয়।	সংখ্যক প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	অধিশাখা)। ৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)।
৪।	অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত আলোচনা করার লক্ষ্যে কোন অভিযোগ পাওয়া যায়নি মর্মে জানানো হয়।	অভিযোগ পাওয়া গেলে দ্রুত নিষ্পত্তির বিষয়ে পদক্ষেপ নিতে হবে।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)।
৫।	ই-নথির ব্যবহার নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা করা হয়।	ই-নথির ব্যবহার অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)। ৩। সহকারী পরিচালক (ভান্ডার শাখা)। ৪। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)। ৫। সহকারী পরিচালক (হিসাব শাখা)।
৬।	ইন্টারনেট/টেলিফোন ও বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়।	সময়মত ইউটিলিটি বিল পরিশোধের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)। ২। সহকারী পরিচালক (হিসাব শাখা)।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ কে মহিউদ্দিন আহমদ)
মহাপরিচালক
ফোন: ৮৯৩৩৩৩৪

নং-২৮.০৪.০০০০.০০৩.০৫.০০৩.১৯- ৪৬০/২

তারিখ : ২৯ অক্টোবর, ২০২০
১৩ কার্তিক, ১৪২৭

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র সচিব,
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
[দৃষ্টি আকর্ষণ : উপসচিব, (প্রশাসন-২ অধিশাখা)]
- ২। জনাব মাহবুবা ফারজানা, পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
- ৩। জনাব মো: সামসুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।



জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
সেক্টর- ৮, প্লট- ৫/এ, উত্তরা মডেল টাউন, ঢাকা- ১২৩০
bpi.gov.bd



- ৪। জনাব মো: সাহিদুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
- ৫। জনাব মো: হারুন-অর-রশীদ, সহকারী পরিচালক (প্রশাসন শাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।
- ৬। জনাব মো: নুরে আলম শিকদার, সহকারী পরিচালক (হিসাব শাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।


২৩/১১/২০২০
(এ কে মহিউদ্দিন আহমদ)
মহাপরিচালক